# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 25 June, 2025

ধর্ষণ মামলায় গ্রেপ্তারের পর জামিনে মুক্তি পেয়েছেন আলোচিত গায়ক মাঈনুল আহসান নোবেল।আজ বুধবার সকাল সাড়ে ৯টায় ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ থেকে তাকে মুক্তি দেওয়া হয়।বিষয়টি নিশ্চিত করেন কেন্দ্রীয় কারাগারের জেলার এ কে এম মাসুম।

মুক্তির সময় কারাফটকে উপস্থিত ছিলেন নোবেলের সদ্য বিবাহিত স্ত্রী।কারামুক্তির পর মোটরসাইকেলে স্ত্রীকে বসিয়ে কিছুক্ষণ কারা চত্বরে ঘুরে বেড়ান এই গায়ক।তাদের দুজনকে বেশ হাসিখুশি দেখা যায়।

নোবেল গত ২০ মে ধর্ষণ মামলায় গ্রেপ্তার হন।মামলায় অভিযোগ করা হয়, তিনি সাত মাস ধরে এক নারীকে আটকে রেখে ধর্ষণ ও নির্যাতন করেছেন।নোবেলের দাবি, ওই নারী তার স্ত্রী। তবে আদালতে কাবিননামা জমা দিতে ব্যর্থ হন তার আইনজীবী।

পরবর্তীতে ১৯ জুন আদালতের নির্দেশে কেরানীগঞ্জ কারাগারের প্রধান ফটকে উভয়ের সম্মতিতে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়।উপস্থিত ছিলেন দুই পক্ষের চারজন সাক্ষী।

২০১৯ সালে ভারতের জি-বাংলা টিভির রিয়েলিটি শো ‘সা রে গা মা পা’-তে অংশ নিয়ে আলোচনায় আসেন নোবেল।তবে পরবর্তী সময়ে বিতর্কিত মন্তব্য ও আচরণের কারণে বিভিন্ন সময় সমালোচনার মুখে পড়েন।২০২৩ সালে কুড়িগ্রামে এক কনসার্টে ‘অস্বাভাবিক আচরণে’ ক্ষুব্ধ হয়ে দর্শকরা তার দিকে জুতা ও পানির বোতল ছুড়ে মারে, যা অনুষ্ঠান পণ্ড করে দেয়।

সম্প্রতি তিনি কনসার্ট ও গণমাধ্যমে উপস্থিত হয়ে স্বাভাবিক জীবনে ফেরার ইঙ্গিত দিয়েছিলেন।

তবে এই মামলার কারণে আবারও বিতর্কে নাম লেখান তিনি।

ধর্ষণ মামলা নোবেল গায়ক মাঈনুল আহসান নোবেল কেরানীগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 22:05

URL: https://timestodaybd.com/entertainment/3680775807